# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ১৪. ২. ২. বিদ্যমানতার সাক্ষ্য অভ্রান্ততার নয়

যীশু ও প্রেরিতগণ পুরাতন নিয়মের সকল গ্রন্থের সকল বিষয়ের বা কোনো একটা গ্রন্থের সকল বিষয়ের বিশুদ্ধতার সাক্ষ্য দেননি। তাঁরা বলেননি যে, তৌরাত ও নবীগণের পুস্তক নামক সংকলন দুটোর মধ্যে কতগুলো পুস্তক বিদ্যমান বা সেগুলোর মধ্যে বিদ্যমান সকল পুস্তকের সকল কথা সঠিক। সর্বোচ্চ আমরা বলতে পারি যে, তাঁরা এ নামে কিছু গ্রন্থ বিদ্যমান ছিল বলে সাক্ষ্য দিয়েছেন এবং এগুলোর মধ্যে থেকে কিছু কথার উদ্ধৃতি দিয়েছেন। তাঁরা বিদ্যমানতার সাক্ষ্য দিয়েছেন, বিশুদ্ধতার নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13931

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন